

শুদধ প্রেম

প্রমে জল হয়ে যাও গলে;
কঠিনে মেশে না সে, মেশেরে সে তরল হ'লে।
অবিরাম হয়ে নত, চ'লে যাও নদীর মত,
কলকলে অবিরত 'জয় জগদীশ' ব'লে;
বিশ্বাসের তরঙ্গ তুলে, মোহ পাড়ি ভাঙ্গ্ সমূলে;
চেও না কোনো কূলে,
শুধু নেচে গেয়ে যাওরে চ'লে।
সে জলে নাইবে যা'রা, থাকবে না মৃত্যু-জরা,
পানে পিপাসা যাবে, ময়লা যাবে ধু'লে;
যা'রা সাঁতার ভুলে নামতে পারে
(তাদের) টেনে নে যাও, একেবারে,
ভেসে যাও, ভাসিয়ে নে' যাও,
সেই পরিণাম-সিন্দু জলে।